

// দুর্গাপূজায় \\ পরীক্ষার সূচি পরিবর্তনের দাবি

■ সমকাল প্রতিবেদক

দুর্গাপূজার দিন অনুষ্ঠিতব্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সময়সূচি পরিবর্তনের দাবি জানিয়েছে বাংলাদেশ হিন্দু ছাত্র মহাজোট। দাবি আদায়ে গতকাল শুক্রবার জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেছে সংগঠনটি।

মানববন্ধন থেকে দুর্গাপূজায় তিন দিনের সরকারি ছুটি ঘোষণারও দাবি জানানো হয়। বঙ্গুরা বলেন, শারদীয় দুর্গাপূজা এ দেশের হিন্দু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব। পাঁচ দিন ধরে চলা এ উৎসবকে কেন্দ্র করে পরিবার থেকে দূরে অবস্থান করা ছাত্রছাত্রীরা পরিজনদের সঙ্গে মিলিত হয়। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই পূজার দিনগুলোতে একাধিক পরীক্ষা নেওয়ার ঘোষণা দিয়েছে। এই তারিখগুলোতে পরীক্ষা অনুষ্ঠিত হলে হিন্দু ছাত্রছাত্রীরা পরিবারের সঙ্গে মিলিত হওয়ার সুযোগ হতে বঞ্চিত হবে।

বঙ্গুরা পরীক্ষার নতুন তারিখ ঘোষণা এবং একই সঙ্গে দুর্গাপূজায় তিন দিনের সরকারি ছুটির দাবি জানান। মানববন্ধনে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি নিহার প্রামাণিক।